

# এনভয় টেক্সটাইলস লিমিটেড

## ২৪তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই মর্মে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এনভয় টেক্সটাইলস লিমিটেড-এর সম্মানিত শেয়ারহোল্ডারদের ২৪তম বার্ষিক সাধারণ সভা আগামী ২১শে ডিসেম্বর ২০১৯, শনিবার, সকাল ১০.০০ ঘটিকায় সামারাই কনভেনশন সেন্টার, ২৩/জি/৭ পাহুপথ (বসুন্ধরা সিটি মার্কেটের বিপরীতে), ঢাকা-১২০৫ এ নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে অনুষ্ঠিত হবেঃ

### আলোচ্যসূচী

- আলোচ্যসূচী ১ঃ ৩০শে জুন, ২০১৯ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী এবং এর উপর পরিচালনা পর্ষদ ও নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
- আলোচ্যসূচী ২ঃ ৩০শে জুন, ২০১৯ তারিখে সমাপ্ত বছরের লভ্যাংশ ঘোষণা।
- আলোচ্যসূচী ৩ঃ অত্র কোম্পানীর সংঘ-বিধি অনুযায়ী পরিচালকমণ্ডলী নির্বাচন।
- আলোচ্যসূচী ৪ঃ নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।
- আলোচ্যসূচী ৫ঃ স্বাধীন পরিচালক নিয়োগ।
- আলোচ্যসূচী ৬ঃ পেশাজীবী হিসাব রক্ষক/সচিব নিয়োগ।

### পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে

এম সাইফুল ইসলাম চৌধুরী, এফসিএস  
কোম্পানী সচিব  
শনিবার, ১২ই অক্টোবর ২০১৯

রেজিস্টার্ড অফিসঃ  
এনভয় টাওয়ার  
১৮/ই, লেক সার্কাস কলাবাগান  
পশ্চিম পাহুপথ, ঢাকা-১২০৫

### দ্রষ্টব্যঃ

- ২৪তম বার্ষিক সাধারণ সভার 'রেকর্ড ডেট' আগামী ১৪ই নভেম্বর, ২০১৯। উক্ত তারিখে যে সকল শেয়ারহোল্ডারের নাম সিডিএস ব্যবস্থায় শেয়ার রেজিস্টারে অন্তর্ভুক্ত থাকবে, তাঁরা সভায় উপস্থিত থেকে কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন এবং লভ্যাংশ গ্রহণের উপযুক্ত বলে বিবেচিত হবেন।
- যথাযথভাবে পূরণকৃত প্রয়োজনীয় মূল্যের রাজস্ব স্ট্যাম্প সংযুক্ত প্রক্সি ফরম বা পাওয়ার অব এটর্নি সভা শুরু পর্যন্ত ৪৮ ঘন্টা পূর্বে, অবশ্যই কোম্পানীর রেজিস্টার্ড অফিসে জমা দিতে হবে।
- বার্ষিক প্রতিবেদন-২০১৯ কোম্পানীর ওয়েবসাইট [www.envoytextiles.com](http://www.envoytextiles.com) থেকে সময়মত সংগ্রহ করা যাবে।

Size : 7" x 3 col.